125

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. ৭ 1999 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৩ ...

# ময়মনসিংহে বিনা মূল্যের বই বিতরণ শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষামন্ত্রী এ এইচ কে সাদেক বলেছেন প্রাথমিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নে গত দুই দশকের সরকারগুলো বাস্তবধর্মী কোন পদক্ষেপ গ্রহণ করেনি। ফলে শিক্ষা ব্যবস্থায় ছিল দুর্নীতি, এই দুর্নীতির কারণেই দেশে বেকার সমস্যার সৃষ্টি হয়েছে। রোববার দুপুর ১২টায় ময়মনসিংহে পুলিশ লাইন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯৯ সালের প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যবই বিতরণের আনুষ্ঠানিক শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ শওকত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ডঃ সাদত হুসাইন ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ এফ কে চৌধুরী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শামসুল হক এমপি রওশন এরশাদ এমপি ও অধ্যক্ষ মতিউর রহমান।